


# শিক্ষার্থীদের চাপের মুখে নোবিপ্রবি উপাচার্যের পদত্যাগ

নোবিপ্রবি সংবাদদাতা

প্রকাশ : ২০ আগস্ট ২০২৪, ১৭:০৬



UNIBOTS

শিক্ষার্থীদের আন্দোলনের চাপের মুখে অবশেষে পদত্যাগ করলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য (ভিসি) অধ্যাপক ড. দিদার-উল-আলম।



দৈনিক ইন্ডিফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

মঙ্গলবার (২০ আগস্ট) সকালে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীদের চাপের মুখে রাষ্ট্রপতি ও চ্যান্সেলর বরাবর পদত্যাগপত্রে স্বাক্ষর করতে বাধ্য হন তিনি। তবে পদত্যাগপত্রে ব্যক্তিগত কারণ উল্লেখ করেন তিনি।

পদত্যাগ পত্রে বলা হয়, মহোদয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার (ক) নং স্মারকের মাধ্যমে প্রথম মেয়াদে এবং (খ) নং স্মারকের মাধ্যমে ভাইস-চ্যান্সেলর পদে দ্বিতীয় মেয়াদে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যোগদান করি। বর্তমানে ব্যক্তিগত ও পারিবারিক কারণে আমি অনতিবিলম্বে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর এর পদ হতে পদত্যাগ করছি। উল্লেখ্য, গত ৩০ জুন ২০২০ তারিখে আমি ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান বিভাগ এর অধ্যাপকের চাকুরী থেকে অবসরে গমন করি।

অতএব, উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করছি।

উপাচার্যের পদত্যাগের বিষয়ে নোবিপ্রবি বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক বাণী ইয়ামিন বলেন, প্রো-ভিসির পদত্যাগ এবং সাবেক রেজিস্ট্রার জসিম উদ্দিনকে চাকুরিচুত করা পর্যন্ত আমাদের আন্দোলন চলবে ইনশাআল্লাহ।